দৈনিক ইনকিলাব

তারিখ 06 JUN 1988
পৃষ্ঠা ১ কলাম ৪
৩৫
025

## নকল রোধে কঠোর ব্যবস্থা
# বৃহস্পতিবার থেকে এইচএসসি পরীক্ষা

॥ স্টাফ রিপোর্টার ॥

আগামী বৃহস্পতিবার হতে দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হবে। এ বছর সারাদেশে মোট ৩ লাখ ২৩ হাজার ৬শ' ৩৯ জন ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিচ্ছে। ৪টি শিক্ষা বোর্ডের অধীনে এ বছর ৫শ' ২০টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিদেশেও ৩টি কেন্দ্র খোলা হয়েছে।

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার প্রাক্কালে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম আসন্ন পরীক্ষা যেন সুষ্ঠুভাবে এবং শৃঙ্খলার সাথে পরিচালনা করা যায় সে জন্য সর্বস্তরের জনগণের সক্রিয় সহযোগিতা কামনা করেছেন। তিনি বলেন, উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেশের আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ পরীক্ষায় নকল

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

প্রতিরোধে দল মত নির্বিশেষে এবং রাজনৈতিক সংকীর্ণতার ঊর্ধ্বে উঠে সরকারকে সাহায্য করতে সকলের এগিয়ে আসা প্রয়োজন।

শিক্ষা মন্ত্রী শেখ শহীদ বলেন, এসএসসি ও এইচএসসি পরীক্ষাকে দুর্নীতিমুক্ত করার বিষয়ে সম্প্রতি এক কর্তৃপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী যে সব শিক্ষক নকল করতে সহায়তা করবে তারা সরকারী স্কুল বা কলেজের হলে বিভাগীয় ব্যবস্থা এবং বেসরকারী হলে সংশ্লিষ্ট শিক্ষকের অনুদান বন্ধ করে দেয়া হবে। যেসব কেন্দ্রে নকল হবে সেসব কেন্দ্র বন্ধ এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুদান বন্ধ করে দেয়া হবে। নকল প্রতিরোধের লক্ষ্যে এ বছর উপজেলা পর্যায়ে একাধিক পরীক্ষা কেন্দ্র স্থাপনের অনুমতি দেয়া হয়নি। সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানায়, নকলে সহায়তার অভিযোগে গত এসএসসি পরীক্ষায় ৮৭ জন পরিদর্শকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে।

এ বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিভিন্ন বিভাগে ঢাকা বোর্ডে ৬৮ হাজার ৮শ' ৭০ জন ছাত্র ও ২৬ হাজার ১শ' ৬০ জন ছাত্রী, কুমিল্লা বোর্ডে ৫৬ হাজার ৩৯ জন ছাত্র ও ১৯ হাজার ১শ' ৩১ জন ছাত্রী, যশোর বোর্ডে ৪৯ হাজার ৫ জন ছাত্র ও ১৭ হাজার ৭শ' ছাত্রী এবং রাজশাহী বোর্ডে ৬০ হাজার ৩শ' ৫২ জন ছাত্র ও ২৬ হাজার ৩শ' ৮২ জন ছাত্রী অংশ নিচ্ছে। ঢাকা বোর্ডের অধীনে দেশে ১শ' ৩১টি ও জেদ্দা, রিয়াদ, কুয়েতে ৩টি মোট ১শ' ৩৪টি। কুমিল্লা বোর্ডের অধীনে ১শ' ১৮টি, রাজশাহী বোর্ডের অধীনে ১শ' ৪০টি এবং যশোর বোর্ডের অধীনে ১শ' ২৮টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। বিদেশে স্থাপিত ৩টি কেন্দ্রে ৩ জন ছাত্রী ও ৫ জন ছাত্র অংশ নেবে।